অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/11/2021 **গভর্নর ক্যাথি হোকল**

শনিবারে স্টেটের উপর দিয়ে বয়ে যাওয়া বিধ্বংসী ঝড়ো হাওয়া মোকাবেলায় গভর্নর হোকলের স্টেটের জরুরি সাড়া প্রদানকারী সম্পদ বিতরণ

অ্যালিগানি, ক্যাটারাগাস, কায়ুগা, চৌতাউকা, ক্লিনটন, এরি, ফ্র্যাঙ্কলিন, গিনিস, জেফারসন, লুইস, লিভিংস্টন, মনরো, নায়াগ্রা, অন্টারিও, অরলিন্স, ওসওয়েগো, সেন্ট লরেন্স, ওয়েইন ও ওয়াইমিং কাউন্টিতে শনিবার বিকাল থেকে ঝড়ো হাওয়ার সতর্কতা জারি করা হয়েছে

60 থেকে 70 mph গতিবেগের ঝড়ো হাওয়ার আশংকা করা হচ্ছে, লেক এরি ও লেক ওন্টারিও উভয়ের তীরবর্তী অঞ্চলে বন্যার সতর্কতা জারি করা হয়েছে

বাফেলোতে I-190 থেকে ল্যাকওয়ানাতে রিজ রোড পর্যন্ত বাফেলো স্কাইওয়েতে (রুট 5) এবং কানাডিয়ান সীমান্তের কাছাকাছি এক্সিট 48 থেকে 52 পর্যন্ত I-81 এ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ট্র্যাক্টর ট্রেইলার ও বক্স ট্রাক চলাচল নিষিদ্ধ করা হয়েছে

এক্সিট 42 (জেনেভা) থেকে 61 (রিপলি) পর্যন্ত NYS থ্রুওয়েতে (I-90) এবং সেইসাথে নায়াগ্রা থ্রুওয়েতে (I-190) ফাঁকা ট্রাক, ট্রেইলার ও ট্যান্ডেম চলাচল নিষিদ্ধ করা হয়েছে

স্টেটের ইউটিলিটি কোম্পানিগুলো উইকএন্ডের বিরূপ আবহাওয়া মোকাবেলার প্রস্তুতি হিসেবে স্টেটের বাইরে থেকে 1,300 কর্মীকে নিয়ে এসেছে

শনিবার সন্ধ্যার শেষভাগ পর্যন্ত ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস ও নর্থ কান্ট্রি অঞ্চলে বহু কাউন্টিব্যাপী ঝড়ো হাওয়ার সতর্কতা জারি করার কারণে গভর্নর ক্যাথি হোকল আজ অসংখ্য স্টেট সংস্থা থেকে জরুরি সাড়া প্রদানকারী সম্পদ বরাদ্দের নির্দেশ দিয়েছেন। শনিবারে স্টেটব্যাপী একটি শক্তিশালী বিরূপ আবহাওয়া দেখা যাবে যা স্টেটের অনেকগুলো অঞ্চলে ঝড়ো হাওয়া ও বৃষ্টি নিয়ে আসবে। এই ঝড়ো হাওয়া, যা ওয়েস্টার্ন নিউ ইয়র্কের কিছু অংশে 70 mph পর্যন্ত গতিবেগ নিয়ে বয়ে যেতে পারে, লেক এরি ও লেক ওন্টারিওতে বন্যা সৃষ্টি করতে পারে বলেও আশংকা করা হচ্ছে। এই ঝড়ো হাওয়া প্রভাবিত অঞ্চলগুলোতে গাছপালা ও বিদ্যুতের লাইন ভেঙ্গে দিতে পারে বলে আশংকা করা হচ্ছে যার ফলে বিচ্ছিন্নভাবে বিদ্যুৎ বিভ্রাট দেখা দিতে পারে। শীতল বায়ুর কারণে বিচ্ছিন্ন বজ্রঝড়ও সৃষ্টি হতে পারে। গভর্নর হোকল আরও ঘোষণা করেছেন যে উইকএন্ডের এই বিরূপ আবহাওয়া মোকাবেলার প্রস্তুতি হিসেবে স্টেটের

ইউটিলিটিগুলো অভ্যন্তরীণ কন্ট্রাক্ট, বহিরাগত কন্ট্রাক্ট ও পারস্পরিক সহযোগিতামূলক সম্পদগুলো সক্রিয় করেছে।

"ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস ও নর্থ কাউন্টি অঞ্চলকে আজকের দিন শেষে ঝড়ো হাওয়া ও ক্ষতিকর বন্যা সহ স্টেটের উপর দিয়ে অতিক্রম করা চরম বিরূপ আবহাওয়া মোকাবেলার জন্য প্রস্তুত থাকতে হবে," **বলেছেন গভর্নর হোকল।** "স্টেটের ইমার্জেন্সি অপারেশন্স সেন্টার (Emergency Operations Center) আবহাওয়া পর্যবেক্ষণ করছে এবং প্রয়োজন অনুযায়ী কাউন্টি অংশীদার ও ইউটিলিটি কর্মীদের সহায়তা করার জন্য আমাদের সাড়াদানকারী সংস্থাগুলো প্রস্তুত হয়ে আছে। এখন এই সময়টুকু আপনার বাড়ির বাইরের জিনিসগুলো ঝড়ো হাওয়া থেকে নিরাপদে রাখতে এবং বিদ্যুৎ বিভ্রাটের ক্ষেত্রে অপরিহার্য রসদ গুছিয়ে রাখতে কাজে লাগান।"

অ্যালিগানি, ক্যাটারাগাস, কায়ুগা, চৌতাউকা, ক্লিনটন, এরি, ফ্র্যাঙ্কলিন, গিনিস, জেফারসন, লুইস, লিভিংস্টন, মনরো, নায়াগ্রা, অন্টারিও, অরলিন্স, ওসওয়েগো, সেন্ট লরেন্স, ওয়েইন ও ওয়াইমিং কাউন্টিতে ঝড়ো হাওয়ার সতর্কতা কার্যকর থাকবে। সাদার্ন টিয়ার ও রাজধানী অঞ্চলের কিছু অংশে 20 থেকে 30 mph গতিতে বায়ুপ্রবাহ এবং আনুমানিক 50 mph গতিবেগের দমকা হাওয়া প্রবাহিত হওয়ার আশংকা রয়েছে। শনিবার দিনের শুরু থেকে সন্ধ্যার শেষ নাগাদ পর্যন্ত স্টেটব্যাপী বিভিন্ন অঞ্চলে বৃষ্টিপাত হবে যার ফলে রবিবার আবহাওয়া অপেক্ষাকৃত শুষ্ক থাকবে।

আপনার এলাকায় আবহাওয়া উপদেষ্টার সম্পূর্ণ তালিকা দেখার জন্য আপনার এলাকার ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service)-এর ওয়েবসাইট এ যান।

স্টেট এজেন্সির প্রস্তুতি

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)-এর জরুরি কার্যক্রম পরিচালনা কেন্দ্র সক্রিয় করা হয়েছে এবং এটি নিবিড়ভাবে অবস্থা পর্যবেক্ষণ করবে, সাড়াদান কার্যক্রম সমন্বয় করবে, এবং দুর্যোগের সময়জুড়ে স্থানীয়দের সাথে যোগাযোগ রক্ষা করবে।

পাম্প, চেইন স, বালির বস্তা, জেনারেটর, খাট, কম্বল ও বোতলজাত পানি সহ ঝড়-সংক্রান্ত সংস্থান প্রয়োজনে ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে পৌঁছে দিতে রাজ্যের স্টেটের মজুদ প্রস্তুত রয়েছে।

পরিবহন বিভাগ

স্টেটের পরিবহন বিভাগ (Department of Transportation) সাম্প্রতিক দুর্যোগ মোকাবেলায় সক্রিয়ভাবে সম্পৃক্ত রয়েছে। অগ্রাধিকারমূলক সাড়াদান কার্যক্রম চলাকালীন সময়ে 24/7 কার্যপরিচালনা করার জন্য ক্ষতিগ্রস্ত সব আবাসিক এলাকাগুলোতে কর্মী নিয়োগ করা হবে। সাড়াদানের সরঞ্জাম কার্যক্ষম রাখতে 24/7 যান্ত্রিক সহায়তা লভ্য থাকবে। প্রয়োজনীয় যেকোনো ধরনের সাড়াদানকারী কর্মী হিসেবে কর্মীদেরকে নিয়োজিত করা যাবে (বন্যা, চিপার, লোড করা

ও টানা, সিউয়ার জেট, কাটা ও ছুড়ে ফেলা, ট্র্যাফিক সিগনাল, ইত্যাদি)। ডিপার্টমেন্টের ইনসিডেন্ট কমান্ড সিস্টেম কাঠামো সক্রিয় করা হয়েছে এবং দুর্যোগ মোকাবেলার সময়কালব্যাপী কর্মীদের সবাইকে কাজে লাগানো হবে।

সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস ও ওয়েস্টার্ন NY-এর বিদ্যমান আঞ্চলিক সাপ্লাইয়ের সম্পূরক হিসেবে বিদ্যুৎ বিভ্রাটের ফলে ক্ষতিগ্রস্ত হওয়া ট্রাফিক সিগনালগুলোর জন্য বর্ধিত জ্বালানি সক্ষমতাসম্পন্ন ছেচল্লিশটি জেনারেটরের ব্যবস্থা করা হয়েছে। সাড়াদান/মেরামত ক্রিয়াকলাপে সহায়তা করতে ফিঙ্গার লেকস-এ আগে থেকে অ্যাসেম্বলকৃত বাড়তি ট্রাফিক সিগনাল হেড বরাদ্দ করা হচ্ছে। বন্যা ও ধ্বংসাবশেষের প্রতি সাড়া দেয়ার সরঞ্জাম (জেনারেটর, পাম্প, চেইন স, লাইট প্লান্টস, চিপার, গ্র্যাপল, হাতে ধরা সরঞ্জাম, ইত্যাদি) অবিলম্বে পাঠানোর জন্য প্রস্তুত করা হচ্ছে।

ঝড়ো হাওয়া শুরু হওয়ার কাছাকাছি সময়ে সাধারণ অবস্থা সম্পর্কে পরিস্থিতিগত সচেতনতা বজায় রাখতে টহল পরিচালনা করা হচ্ছে। আজ দুপুর থেকে শুরু করে, এরি কাউন্টির বাফেলো ও ল্যাকওয়ানা সিটিতে ইন্টারস্টেট 190 থেকে রিজ রোড পর্যন্ত NY রুট 5 (বাফেলো স্কাইওয়ে)-এ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ট্র্যাক্টর ট্রেইলার ও বক্স ট্রাক চলাচল নিষিদ্ধ করা হয়েছে। এই অন্তর্বর্তী সময়ে মোটরযান চালকদের বিকল্প কোনো রুট দিয়ে চলাচলের পরিকল্পনা করা উচিত।

সেইসাথে, আজ বিকাল 4টা থেকে শুরু করে এক্সিট 48 থেকে 52 পর্যন্ত নর্থ কাউন্টির I-81 এ ফাঁকা, হাই প্রোফাইল ট্র্যাক্টর ট্রেইলার ও বক্স ট্রাক চলাচল নিষিদ্ধ করা হয়েছে।

স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 1576টি বৃহৎ ডাম্প ট্রাক
- 51টি লোডার- গ্র্যাপল সংযুক্তি
- 323টি লোডার
- ট্র্যাকযুক্ত 33টি এক্সক্যাভেটর
- 46টি চাকাযুক্ত খননযন্ত্র
- লোবয় ট্রেইলার সহ 40টি ট্র্যাক্টর ট্রেইলার
- 14টি ট্রি ক্রু বাকেট ট্রাক
- 30টি ট্র্যাফিক সিগন্যাল ট্রাক
- 77টি চিপার 10" (মিনিট) সক্ষমতাসম্পন্ন

থ্রুওয়ে কর্তৃপক্ষ

থ্রুওয়ে অথরিটি স্টেটজুড়ে ঝড় সম্পর্কিত যেকোনো সমস্যায় সাড়া দেয়ার জন্য 676 জন সুপারভাইজার ও অপারেটর প্রস্তুত রেখেছে, সেইসাথে ছোট থেকে মাঝারি আকারের এক্সক্যাভেটর, প্লো/ডাম্প ট্রাক, বড় লোডার, পোর্টেবল VMS বোর্ড, পোর্টেবল লাইট টাওয়ার, অপেক্ষাকৃত ছোট আকারের জেনারেটর, অপেক্ষাকৃত ছোট আকারের পাম্প ও সরঞ্জাম টানার

ট্রেইলারের পাশাপাশি যেকোনো রাস্তা পরিবর্তন বা বন্ধ করার জন্য অন্যান্য ট্র্যাফিক নিয়ন্ত্রণের সাইন ও ডিভাইস লভ্য রয়েছে। থ্রুওয়েতে মোটরচালকদের সতর্ক করতে বিভিন্ন রকমের বার্তার চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

এক্সিট 42 (জেনেভা) ও 61 (রিপলি থেকে PA লাইন) এর মধ্যবর্তী অংশে থ্রুওয়েতে (I-90) এবং নায়াগ্রা থ্রুওয়েতে (I-190) ফাঁকা ট্রাক, ট্রেইলার ও ট্যান্ডেম চলাচল নিষিদ্ধ করা হয়েছে। প্রয়োজন হলে কম গতিতে গাড়ি চালানোর নির্দেশ দেওয়া হতে পারে।

ঝড়ো হাওয়া আঘাত হানার সবচেয়ে বেশি পূর্বাভাষ থাকা অঞ্চলগুলোতে থ্রুওয়ে রক্ষণাবেক্ষণ কর্মীরা থ্রুওয়েতে সক্রিয়ভাবে টহল পরিচালনা করছেন। আবহাওয়ার অবস্থা নিবিড়ভাবে পর্যবেক্ষণের জন্য এবং বাফেলো অঞ্চলে প্রয়োজন অনুযায়ী যত দ্রুত সম্ভব কর্মী ও সরঞ্জাম স্থানান্তর বা নিযুক্ত করার উদ্দেশ্যে থ্রুওয়ের বাফেলো ডিভিশন ইমার্জেন্সি অপারেশন্স সেন্টার সক্রিয় করা হয়েছে এবং ঝড় পর্যবেক্ষণ করায় সহায়তা করতে থ্রুওয়ের স্টেটব্যাপী অপারেশন সেন্টারগুলোতে (TSOC) 24/7 কার্যপরিচালনার ব্যবস্থা করা হচ্ছে।

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও গাড়ি চালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ই-মেইলের জন্য সাইন-আপ করতে পারেন যা থ্রুওয়ে সংলগ্ন যানবাহনের সর্বশেষ অবস্থা সম্পর্কে এখানে তথ্য প্রদান করে।

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)
DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ম্যানেজমেন্ট স্টাফ এবং আঞ্চলিক স্টাফরা সতর্ক থাকবেন এবং পরিবর্তিত পরিস্থিতিতে নজর রাখবেন এবং খারাপ আবহাওয়ার দরুন ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে এরকম এরিয়া এবং অবকাঠামোগুলিতে তারা টহলদারি চালাবেন। সকল উপলভ্য সম্পদ যেকোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করতে প্রস্তুত রয়েছে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)
নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। পার্ক খোলা থাকার সময়, খোলার সময় এবং বন্ধ হওয়ার সময় ইত্যাদি সম্পর্কে সর্বশেষ তথ্য জানতে পার্ক ভ্রমণকারীদের উচিত parks.ny.gov দেখা বা তাদের স্থানীয় পার্কের অফিসে যোগাযোগ করা।

জনসেবা বিভাগ (Department of Public Service)
নিউ ইয়র্ক স্টেটজুড়ে ক্ষতি মূল্যায়ন, সাড়া প্রদান, ও সংস্কার কার্যক্রম পরিচালনার জন্য নিউ ইয়র্কের ইউটিলিটি এজেন্সিগুলোতে আনুমানিক 6,800 জন কর্মী রয়েছে। নিউ ইয়র্ক, মিশিগান, ওহাইও, ইন্ডিয়ানা ও অন্টারিও, কানাডা থেকে আনুমানিক 900 বহিরাগত কন্ট্রাক্ট ও পারস্পরিক সহায়তামূলক সংস্থান সহ স্টেটব্যাপী জাতীয় গ্রিডের 2,545 জন কর্মী প্রস্তুত রয়েছে। নিউ ইয়র্ক

ও অন্টারিও, কানাডা থেকে আনুমানিক 500 বহিরাগত কন্ট্রাক্ট ও পারস্পরিক সহায়তামূলক সংস্থান সহ স্টেটব্যাপী NYSEG (RG&E)-এর 1,860 জন কর্মী প্রস্তুত রয়েছে।
রবিবার বিকাল থেকে ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলোতে শুষ্ক-বরফ ও বোতলজাত পানি বিতরণ কেন্দ্রগুলো খোলা থাকবে:

- পশ্চিম অঞ্চল: JFK Community Center, 114 Hickory Street Buffalo, NY 14204
- ফিঙ্গার লেকস অঞ্চল: City of Batavia Fire Department, 18 Evans Street, Batavia, NY 14020
- পশ্চিম অঞ্চল: Murphy Training Center, 665 Brigham Road, Dunkirk, NY 14048
- সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চল: Oswego Fire Dept (back parking lot), 35 East Seneca Street, Oswego NY 13126
- নর্থ কান্ট্রি অঞ্চল: Jefferson County, Watertown CitiBus Garage, 544 Newell St, Watertown, NY 13601

এজেন্সির কর্মীরা পুরো সময়জুড়ে ইউটিলিটি কার্যক্রমের ট্র্যাক রাখবে এবং সবচেয়ে বেশি প্রভাবিত হতে পারে বলে ধারণা করা এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর যথাযথ কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ

স্টেট পুলিশ (State Police) ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত ট্রুপার মোতায়েন করতে প্রস্তুত রয়েছে। স্টেট পুলিশের সব বিশেষায়িত যানবাহন অবিলম্বে সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছে, এবং সকল জরুরি বিদ্যুৎ ও যোগাযোগের সরঞ্জাম পরীক্ষা করা হয়েছে।

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA) / ক্যানাল কর্পোরেশন (Canal Corporation)

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority) এবং ক্যানেল কর্পোরেশন (Canal Corporation)-এর কর্মীরা সকল ফ্যাসিলিটি, সম্পদ ও সরঞ্জাম নিরাপদ ও প্রস্তুত রয়েছে বলে নিশ্চিত করতে প্রস্তুতি সম্পন্ন করেছে। প্রয়োজনে বিদ্যুৎ পুনরুদ্ধার কার্যক্রমকে সহায়তা করার জন্য বিদ্যুৎ কর্তৃপক্ষ প্রস্তুত।

নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

তীব্র আবহাওয়ার জন্য প্রস্তুত হন:

- আপনি যেখানে বসবাস করেন সেখানের কাউন্টি এবং নিকটবর্তী শহরগুলির নাম জানুন। গুরুতর আবহাওয়ার সতর্কতা কাউন্টির ভিত্তিতে জারি করা হয়।
- আপনার বাড়ির বা ব্যবসার থেকে নিরাপদ রুটটি শিখুন, যদি নিরাপদ স্থলে আপনার তাড়াতাড়ি চলে যেতে হয়।

- 'পরিবারের পলায়নের' একটি পরিকল্পনা তৈরি করুন এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে দেখা করার একটি নির্দিষ্ট স্থান চিহ্নিত করে রাখুন।
- আসবাব, পোশাক এবং অন্যান্য ব্যক্তিগত সম্পত্তি সহ সমস্ত মূল্যবান জিনিসগুলির একটি আইটেমকৃত তালিকা তৈরি করুন। একটি নিরাপদ স্থানে তালিকাটি রাখুন।
- ক্যান এর খাবার, ঔষধ এবং ফার্স্ট এইড সরবরাহ ও পানীয় জলের জরুরি সরবরাহ স্টকপাইল করুন। পরিষ্কার, বন্ধ পাত্রে পানীয় জল সংরক্ষণ করুন।
- আপনার পোষা প্রাণীর নিয়ে কী করবেন তা পরিকল্পনা করুন।
- একটি পোর্টেবল রেডিও, ফ্ল্যাশলাইট, অতিরিক্ত ব্যাটারি এবং উপলভ্য জরুরি রান্না সরঞ্জাম রাখুন।
- আপনার অটোমোবাইলে পর্যাপ্ত জ্বালানী রাখুন। যদি বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন হয়, তাহলে পেট্রোল স্টেশনগুলি বেশ কয়েক দিন জ্বালানি পাম্প করতে নাও পারে। আপনার গাড়ির ট্রাঙ্কে একটি ছোট দুর্যোগ সরবরাহ কিট রাখুন।
- দুর্যোগকালীন অত্যাবশ্যক সামগ্রীগুলি নাগালের মধ্যে রাখুন, যার মধ্যে রয়েছে:
    - ফ্ল্যাশলাইট এবং অতিরিক্ত ব্যাটারি
        - ব্যাটারি চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি
            - ফার্স্ট এইড কিট এবং ম্যানুয়াল
                - জরুরি খাদ্য এবং পানি
                    - অ-বৈদ্যুতিক ক্যান ওপেনার
                        - অপরিহার্য ওষুধ
                            - চেকবুক, নগদ, ক্রেডিট কার্ড, ATM কার্ড

বিদ্যুৎ বিভ্রাট হলে নিউইয়র্কবাসীদের উচিৎ:

- এই ডিভাইসগুলিকে ক্ষতি করতে পারে এমন ক্ষণস্থায়ী শক্তির প্রবাহের ক্ষেত্রে প্রধান যন্ত্রপাতি এবং অন্যান্য সরঞ্জাম, যেমন, কম্পিউটারগুলি বন্ধ করুন বা সংযোগ বিচ্ছিন্ন করুন। একটি আলো চালু রাখুন যাতে কখন বিদ্যুৎ ফিরে আসে তা আপনি জানতে পারেন। আপনি যেখানে ইলেকট্রনিক সরঞ্জাম ব্যবহার করেন সেখানে সার্জ প্রোটেক্টর ব্যবহার করার কথা বিবেচনা করুন।
- আপনার ইউটিলিটি প্রদানকারীকে বিভ্রাটের বিষয়ে অবহিত করতে এবং অফিসিয়াল তথ্যের জন্য স্থানীয় সম্প্রচার শুনতে কল করুন। ইউটিলিটি সংস্থাগুলোর একটি তালিকা পেতে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিসে ভিজিট করুন।
- আপনার প্রতিবেশীদের বিদ্যুৎ আছে কিনা তা দেখুন। অ্যাক্সেস বা কার্যকরী প্রয়োজন আছে এমন লোকেদের খবর নিন।
- জরুরী আলোর জন্য শুধুমাত্র ফ্ল্যাশলাইট ব্যবহার করুন - মোমবাতিগুলি আগুন লাগার ঝুঁকি তৈরি করে।
- রেফ্রিজারেটর এবং ফ্রিজারের দরজা বন্ধ রাখুন - বেশিরভাগ খাবার যেগুলির হিমায়নের প্রয়োজন সেগুলি একটি বন্ধ রেফ্রিজারেটরে কিছু ঘন্টার জন্য নিরাপদে রাখা যেতে

পারে। একটি না খোলা রেফ্রিজারেটর প্রায় চার (4) ঘন্টার জন্য খাবারকে ঠান্ডা রাখবে। একটি সম্পূর্ণ ফ্রিজার তাপমাত্রাকে প্রায় 48 ঘন্টা ধরে রাখবে।

- বাড়ির ভিতরে কাঠকয়লার গ্রিল ব্যবহার করবেন না এবং তাপের জন্য গ্যাসের চুলা ব্যবহার করবেন না - সেগুলি কার্বন মনোক্সাইডের ক্ষতিকারক মাত্রা ছাড়তে পারে।
- ঠান্ডা আবহাওয়ায়, স্তরে স্তরে পোশাক পরে এবং বাইরে কাটানো সময় কমিয়ে উষ্ণ থাকুন। ঠান্ডা চাপের উপসর্গ (অর্থাৎ, হাইপোথার্মিয়া) সম্পর্কে সচেতন থাকুন এবং উপসর্গ দেখা দিলে যথাযথ চিকিৎসা করান।
- আপনি যদি একটি উঁচু ভবনে থাকেন, তাহলে সিঁড়ি দিয়ে বিল্ডিংয়ের সর্বনিম্ন তলায় যান। লিফটে আটকে পরে থাকলে সাহায্যের জন্য অপেক্ষা করুন। জোর করে দরজা খোলার চেষ্টা করবেন না। ধৈর্য ধরুন - অনেক বাতাস রয়েছে এবং লিফটের ভিতরটি যাত্রীদের সুরক্ষার জন্য তৈরি করা হয়েছে।
- আপনার পোষা প্রাণীদের জন্য তাজা, শীতল জল প্রদান করার কথা মনে রাখুন।
- নিষ্প্রয়োজন যাতায়াত করবেন না, বিশেষ করে গাড়িতে। বিভ্রাটের সময় ট্র্যাফিক সিগন্যালগুলি কাজ করবে না, যার ফলে যানজট এবং বিপজ্জনক গাড়ি চালানোর অবস্থা তৈরি হবে। আপনাকে যদি ব্ল্যাকআউটের সময় গাড়ি চালাতেই হয়, 4-ওয়ে স্টপ নিয়ম মেনে কলার কথা মনে রাখুন কাজ-না-করা ট্র্যাফিক সিগন্যাল সহ মোড়গুলিতে।
- স্বয়ংক্রিয় টেলার মেশিনগুলির (ATM) মোট সরঞ্জাম এবং লিফটগুলি হয়তো কাজ করবে না।

নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস এর নিরাপত্তা পরামর্শ সংক্রান্ত ওয়েবপেইজ দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418